



“শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ”

প্রতিদিন একবার হলেও
আপনার প্রতিষ্ঠানের
ই-মেইল ওপেন করুন।

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

পরীক্ষা নিয়ন্ত্রণ বিভাগ (ডিপ্লোমা শাখা)
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭
Website : www.bteb.gov.bd

প্রতিদিন একবার হলেও বাকাশিবো এর
ওয়েবসাইট (www.bteb.gov.bd)
ভিজিট করুন।

স্মারক নং- ৩৭.১৭.০০০০.৩০১.৩১.০০২.১৭.৭৯

তারিখ : ১২-০৭-২০১৭ খ্রিঃ

ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং ব্যবহারিক পরীক্ষা সংক্রান্ত বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, চলমান ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং শিক্ষাক্রমের ৪র্থ, ৬ষ্ঠ, ৭ম পর্ব নিয়মিত ও ৫ম পর্ব অকৃতকার্য বিষয়ের এবং ৮ম পর্ব অনিয়মিত (২০১০ প্রবিধান) পরীক্ষা-২০১৭ এর ব্যবহারিক বিষয়ের পরীক্ষা আগামী ১৯ হতে ২৭ জুলাই ২০১৭ পর্যন্ত বোর্ড মূল্যায়ন কেন্দ্রসমূহে অনুষ্ঠিত হবে। ইতোমধ্যে বোর্ড কর্তৃক অনাভ্যন্তরীণ ব্যবহারিক পরীক্ষক নিয়োগ দেয়া হয়েছে। যথাযথভাবে ব্যবহারিক পরীক্ষা গ্রহণের জন্য এ নিয়োগের অতিরিক্ত অনাভ্যন্তরীণ পরীক্ষকের প্রয়োজন হলে স্থানীয়ভাবে সংশ্লিষ্ট শিল্প কারখানা/ইঞ্জিনিয়ারিং বিভাগ/শিক্ষা প্রতিষ্ঠান হতে পরীক্ষক নিয়োগ প্রদান করা যাবে। সময়সূচি মোতাবেক ব্যবহারিক পরীক্ষা যথাযথভাবে অনুষ্ঠিত হচ্ছে কিনা তা মনিটরিং করার জন্য শিক্ষা মন্ত্রণালয়/বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড/কারিগরি শিক্ষা অধিদপ্তর এর কর্মকর্তাগণ পরীক্ষা চলাকালীন সময়ে যে কোন দিন আকস্মিকভাবে পরিদর্শন করতে পারেন। সংশ্লিষ্ট কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তাদেরকে নিম্নরূপ নমুনা ছক মোতাবেক ব্যবহারিক পরীক্ষার সময়সূচি প্রস্তুত করে আগামী ১৬-০৭-২০১৭ তারিখের মধ্যে বোর্ডে প্রেরণ এবং স্ব-স্ব কেন্দ্রের ওয়েবসাইটে প্রকাশ করা সহ এর সফটকপি shahindcbteb@gmail.com ই-মেইল ঠিকানায় প্রেরণের জন্য এতদ্বারা অনুরোধ করা হলো। বিষয়টি অতিব গুরুত্বপূর্ণ।

বোর্ড মূল্যায়ন ব্যবহারিক পরীক্ষার সময়সূচি (নমুনা ছক)

কেন্দ্র কোড :..... কেন্দ্রের নাম :.....

| পরীক্ষা গ্রহণের তারিখ ও সময় | বিষয় কোড ও বিষয়ের নাম | টেকনোলজি ও পর্ব | ল্যাবের নাম/ কক্ষ নং | আভ্যন্তরীণ পরীক্ষকের নাম, পদবী, ঠিকানা ও মোবাইল নম্বর | অনাভ্যন্তরীণ পরীক্ষকের নাম, পদবী, ঠিকানা ও মোবাইল নম্বর | মন্তব্য |
|---------------------------------|----------------------------|--------------------|-------------------------|--|--|---------|
| | | | | | | |

ব্যবহারিক পরীক্ষা গ্রহণের ক্ষেত্রে কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তাগণকে নিম্নলিখিত বিষয়গুলো অনুসরণ করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো :

- * তত্ত্বীয় পরীক্ষার কেন্দ্রই ব্যবহারিক পরীক্ষার কেন্দ্র হিসেবে বিবেচিত হবে এবং কেন্দ্রে কোন টেকনোলজির কোন বিষয়ের ব্যবহারিক পরীক্ষা গ্রহণের সুবিধাদি না থাকলে, কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তার তত্ত্বাবধানে ঐ বিষয়ের ব্যবহারিক পরীক্ষা গ্রহণের সুবিধাদি বিদ্যমান আছে সেখানে সংশ্লিষ্ট বিষয়ের ব্যবহারিক পরীক্ষা গ্রহণ করতে হবে।
- * সকল বিষয়ের প্রশ্নপত্র প্রণয়ন করে ব্যবহারিক পরীক্ষা গ্রহণ করতে হবে। প্রণীত প্রশ্নপত্রের এক সেট নিম্নস্বাক্ষরকারীর নিকট উল্লেখিত ই-মেইল যোগে প্রেরণ করতে হবে।
- * ২৩-০৭-২০১৭ হতে ৩১-০৭-২০১৭ তারিখ পর্যন্ত কেন্দ্র কর্তৃক PF নম্বর অনলাইনে এন্ট্রি নিশ্চিত করতে হবে।
- * এন্ট্রিকৃত ডাটার প্রিন্ট-আউট কপি, হাজিরাশীট ও শিরোনামপত্র কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তার স্বাক্ষরসহ ০২-০৮-২০১৭ হতে ০৭-০৮-২০১৭ তারিখের মধ্যে বাহক মারফত বোর্ডে জমা দিতে হবে।


স্বাক্ষরিত/-
(প্রকৌশলী সুশীল কুমার পাল)
পরীক্ষা নিয়ন্ত্রক
ফোন- ০২-৯১১৩২৮৩

স্মারক নং- ৩৭.১৭.০০০০.৩০১.৩১.০০২.১৭.৭৯(৮)

তারিখ : ১২-০৭-২০১৭ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে :

১. সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, পরিবহণ পুল ভবন, সচিবালয় লিংক রোড, ঢাকা-১০০০।
[দৃষ্টি আকর্ষণ : অতিরিক্ত সচিব (কারিগরি)]
২. মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
৩. সচিব/পরিচালক (কারিকুলাম)/পরিচালক (আইটিসি)/পরিদর্শক, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৪. কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা, (সংশ্লিষ্ট সকল কেন্দ্র)।
৫. অধ্যক্ষ/পরিচালক, (সংশ্লিষ্ট সকল প্রতিষ্ঠান)।
৬. সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা (বিজ্ঞপ্তি ওয়েবসাইটে প্রকাশে ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
৭. চেয়ারম্যান মহোদয়ের পার্সোনাল অফিসার, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৮. নথি।


(মোহাম্মদ আবুল শাহিন কাওছার সরকার)
উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (ডিপ্লোমা)
ফোন : ০২-৯১১৮৭৭৬